বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর

২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূরুল ইসলাম সরকার<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

বিগত ২৩ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ০২:৩০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১৯/০২/২০২৩ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভাঅনুষ্ঠিত হয়। সভায় সকল অতিরিক্ত মহাপরিচালক, প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ এবং সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও মাঠ পর্যায়ের সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoomএ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। প্রধান প্রকৌশলী (মনিটরিং) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২২-২৩ অর্থবছরে এডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৯৫টি চলমান প্রকল্পের অনুকূলে ৭৭৭৭.১৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৬৭৪৭.৪১ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০২৯.৭৮ কোটি টাকা এবং টাকাংশ ১০০৫.৪২ কোটি টাকা। তবে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সর্বশেষ জারিকৃত নির্দেশনামতে ছাড়যোগ্য অর্থের পরিমাণ ৫৭৪৮.৮৯ কোটি টাকা। তন্মধ্যে, জিওবি ৪৭১৯.১১ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০২৯.৭৮ কোটি টাকা এবং টাকাংশ ১০০৫.৪২ কোটি টাকা। ১ জুলাই ২০২২ হতে ১৯ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ৩১১৭.২৩ কোটি (জিওবি ২৮৮২.৬৪ কোটি, প্রকল্প সাহায্য ২৩৪.৫৯ কোটি ও টাকাংশ ২২৭.৮৫ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৪০.০৮% এবং ছাড়যোগ্য অর্থ বরাদ্দের ৬৬.০৫%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ২৬০৪.২৫ কোটি (জিওবি ২৪১৭.০৪ কোটি, প্রকল্প সাহায্য ১৮৭.২১ কোটি ও টাকাংশ ১৮০.৪৭ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৩৩.৪৯% এবং মোট ছাড়যোগ্য অর্থের ৪৫.৩০%। প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ৪০.৬৯%। উল্লেখ্য যে, আইএমইডি হতে সংগৃহিত তথ্যমতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ২০২২-২৩ অর্থবছরের এডিপি বাস্তবায়নের জাতীয় গড় ২৮.১৬%। বাস্তবায়নাধীন ৯৫টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্প জুন, ২০২২ তে সমাপ্ত ও পিসিআর দাখিলকৃত। ৩টি এডিপি ড্রপ-আউট প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এডিপি অনুমোদন পরবর্তী আরো ৩১টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। এডিপিভুক্ত, এডিপি ড্রপ-আউট ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (৯৫-৪+৩+৩১)= ১২৫টি, যার মধ্যে ৩১টি প্রকল্প চলতি

২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।


০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী (সময়সীমা) |
|---|---|---|---|
| ১ | ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন বাপাউবো'র প্রকল্প সংশ্লিষ্ট দপ্তর হতে প্রাপ্ত বরাদ্দ চাহিদা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের আরএডিপি প্রস্তাবনা প্রণয়ন করতঃ ADP/RADP Management System (AMS)-এ মন্ত্রণালয়ের অনুমোদনের পর পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। আরএডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ১২৪টি চলমান প্রকল্পের অনুকূলে ১১৩২৪.৩৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ১০২৮৪.৬৮ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০৩৯.৬৬ কোটি টাকা এবং টাকাংশ ৯৭৪.৫৪ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে, যা বর্তমান এডিপি বরাদ্দ অপেক্ষা ৩৫৪৭.১৫ কোটি টাকা অধিক। প্রস্তাবিত বরাদ্দ অনুসারে আরএডিপি চূড়ান্ত হবে মর্মে পরিকল্পনা কমিশন হতে প্রাথমিকভাবে অনুমোদন পাওয়া গেছে। এমতাবস্থায়, আরএডিপি-তে প্রস্তাবিত বরাদ্দ শতভাগ ব্যয়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সভাপতি নির্দেশনা দেন। | প্রকল্পভিত্তিক প্রস্তাবিত বরাদ্দ অনুসারে কার্যক্রম গ্রহণ ও বরাদ্দকৃত সমুদয় অর্থ ব্যয় করার প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন প্রকল্পে অর্থ অব্যয়িত থাকলে সে বিষয় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে দায়ভার বহন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সকল জোন)/ প্রকল্প পরিচালক (সকল) |
| ২ | সভায় চলমান কিছু প্রকল্পের অগ্রগতি Scheme Information Management Systems (SIMS) এ পর্যবেক্ষণ করা হয়। সিংহভাগ প্রকল্পের অগ্রগতি হালনাগাদ নেই বলে পরিলক্ষিত হয়। এমতাবস্থায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন সকল প্রকল্পের অগ্রগতি নিয়মিতভাবে SIMS এ আপডেট করার জন্য প্রধান প্রকৌশলী, মনিটরিং সকল জোনাল প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালকগণের দৃষ্টি আকর্ষণ করেন। বোর্ডে আয়োজিত মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় আলোচ্য প্রকল্পসমূহের অগ্রগতি SIMS এর মাধ্যমে প্রদর্শন করার বিষয়েও সভায় আলোচনা হয়। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন সকল প্রকল্পের অগ্রগতি নিয়মিতভাবে SIMS এ আপডেট করতে হবে। বোর্ডে আয়োজিত মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় আলোচ্য প্রকল্পসমূহের অগ্রগতি SIMS এর মাধ্যমে উপস্থাপন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী (সকল জোন)/ প্রকল্প পরিচালক (সকল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল) |

| | | |
|---|---|---|
| ৩ | কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা জোন এর প্রকল্প নিয়ে আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন দূর্গাপুর ইউনিয়নের তারাগঞ্জ বাজার এবং সংলগ্ন এলাকা শীতলক্ষ্যা নদীর ভাঙ্গন হতে রক্ষা" শীর্ষক প্রকল্পের ভৌত কার্যক্রম জুন,২০২৩ নাগাদ সমাপ্ত হবে না বিধায় অতিসত্বর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) "জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন পাকেরদহ ও বালিজুরি এবং বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলাধীন জামথল এলাকা যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষা"শীর্ষক প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে প্রয়োজনের প্রেক্ষিতে ডিপিপিভুক্ত নদী তীর সংরক্ষণ কাজের অতিরিক্ত ৫০০ মিটার এর সংস্থান রেখে মন্ত্রণালয়ে প্রস্তাবিত সংশোধিত ডিপিপি যথাদ্রুত অনুমোদন প্রাপ্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। আরডিপিপি-তে প্রকল্পটির মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধির জন্যও প্রস্তাব করতে হবে। | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা |
| ৪ | পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "চাঁদপুর সেচ প্রকল্পের চর বাগাদী পাম্প হাউস ও হাজিমারা রেগুলেটর পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির আওতায় গৃহিত সম্ভাব্যতা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলের পর তদানুযায়ী সংশোধিত ডিপিপি প্রণয়ন করতঃ আগামী এক মাসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, কুমিল্লা |
| ৫ | উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "হবিগঞ্জ জেলার বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্রগুলোর সামনে কুশিয়ারা নদীর উভয় তীরের প্রতিরক্ষা প্রকল্প" শীর্ষক প্রকল্পের ভৌত কার্যক্রম জুন,২০২৩ নাগাদ সমাপ্ত হবে না বিধায় অতিসত্বর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট |
| ৬ | দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্রগ্রাম এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "কক্সবাজার জেলার বাংলাদেশ-মায়ানমার এ সীমান্ত নিরাপত্তা উন্নত করার জন্য উখিয়া ও টেকনাফ উপজেলায় নাফ নদী বরাবর পোল্ডারসমূহ (৬৭/এ, ৬৭, ৬৭/বি এবং ৬৮) পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আরডিপিপি-তে নতুন অন্তর্ভুক্ত প্যাকেজসমূহের দরপত্র দ্রুত আহবান করতে হবে। এছাড়াও, ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পাদনসহ ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের আওতায় আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্রগ্রাম |
| ৭ | উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "গাইবান্ধা জেলার সদর ও সুন্দরগঞ্জ উপজেলার গোঘাট ও খানাবাড়ীসহ পার্শ্ববর্তী এলাকা যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে রক্ষা" শীর্ষক প্রকল্পে মুন্সিরহাট বাজার, কলেজ ও অন্যান্য স্থাপনা রক্ষার্থে অতিরিক্ত নদী তীর সংরক্ষণ কাজের সংস্থান রেখে সংশোধিত ডিপিপি প্রণয়ন করতঃ বোর্ডে দাখিল করতে হবে। এ লক্ষ্যে গঠিত কারিগরী কমিটির প্রতিবেদন দ্রুত বোর্ডে দাখিল করতে করতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, রংপুর |

| | | |
|---|---|---|
| ৮ | উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) “পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার চরবাগডাঙ্গা ও শাজাহানপুর এলাকা রক্ষা” শীর্ষক প্রকল্পটির প্রস্তাবিত সংশোধিত ডিপিপি যথাদ্রুত অনুমোদন প্রাপ্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। আরডিপিপি-তে প্রকল্পটির মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধির জন্যও প্রস্তাব করতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী |
| ৯ | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) “বরগুনা জেলার অধীন পোল্ডার ৪৩/১ ও ৪৪বি পুনর্বাসন এবং ঝুঁকিপূর্ণ অংশ পায়রা নদীর ভাঙ্গন হতে প্রতিরক্ষা” প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বরিশাল |
| ১০ | দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) “খুলনা জেলার পোল্ডার নং-১৪/১ এর পুনর্বাসন” প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে।<br><br>খ) “সাতক্ষীরা জেলার পোল্ডার নং-১৫ পুনর্বাসন” প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। ২০২২-২৩ অর্থ-বছরে প্রকল্পের আওতায় প্রস্তাবিত আরএডিপিতে সম্ভাব্য বরাদ্দকৃত অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা |
| ১১ | বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহনিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>“ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (বাপাউবো অংশ)” শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ৬টি জেলায় জমি অধিগ্রহণের প্রয়োজন হবে, যার প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির এখনো কোন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরিত হয়নি। এমতাবস্থায়, প্রশাসনিক অনুমোদনের জন্য জেলাভিত্তিক জমি অধিগ্রহণের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>প্রকল্পের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রতি মাসের জোনাল মিটিংয়ের আলোচ্যসূচিতে প্রকল্পটি রাখার জন্যেও সভাপতি সকল জোনের প্রধান প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন।<br><br>প্রকল্পের আওতায় কোন ভৌত কাজের দরপত্র এখনো আহবান হয়নি, তবে সিলেট জেলায় দরপত্র আহবানের প্রস্তুতিমূলক কাজ সম্পন্নের পথে। এমতাবস্থায়, সভাপতি সিলেট জেলায় সংস্থানকৃত কাজের প্যাকেজসমূহের দরপত্র দ্রুত আহবানের নির্দেশনা প্রদান করেন।<br><br>আগামী সপ্তাহে প্রকল্প সংশ্লিষ্ট সকল জোনের প্রধান প্রকৌশলী এবং প্রধান প্রকৌশলী, ডিজাইন এর সমন্বয়ে প্রকল্পের উপর একটি সভার আয়োজন করতে হবে। প্রকল্প সংশ্লিষ্ট পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ Zoom app এ সভায় সংযুক্ত থাকবেন। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নূরুল ইসলাম সরকার
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.১৬ তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ কুমিল্লা/ সিলেট/ চট্টগ্রাম/ রংপুর/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল।

১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা

১৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ

১৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা

১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওর এর দপ্তর, বাপাউবো, ঢাকা

১৬) প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSRP-SHISEWS/ CSAWMP/ FRERMIP-2/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ DRMEP Comp-1/ CDSP-AF/ ড্রেজার ক্রয়/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা।

১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কাবিখা মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২১) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো

২৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২৯) পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩০) পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩১) পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩২) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩৩) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩৫) পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩৬) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩৭) পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩৮) পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩৯) পরিচালক , প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪০) যুগ্ম প্রধান, যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪১) পরিচালক , প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪২) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৪৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৪৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৪৭) নির্বাহী প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন বিভাগ

টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)